



রাজনীতির স্বচ্ছতা ফিরলে সমাজে পচন ধরবে না: অর্থ উপদেষ্টা



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবসের আলোচনায় অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ বলেছেন, দুর্নীতিবাজদের শুধু আইনি শাস্তি নয়, সামাজিকভাবে প্রতিরোধ করলেই দুর্নীতি কমবে। এসময় দুদক চেয়ারম্যানও দুর্নীতিবাজদের ভোটে প্রত্যাখ্যান করার আহ্বান জানান।

রাজনীতির নৈতিকতা ও নেতৃত্বের সততা নিশ্চিত করতে পারলে সমাজে পচন ধরবে না এবং দুর্নীতি স্বাভাবিকভাবেই কমে আসবে—এমন মন্তব্য করেছেন অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেন, “আইন অনুযায়ী শাস্তি দেওয়ার পাশাপাশি সমাজকে দুর্নীতিবিরোধী অবস্থানে যেতে হবে। দুর্নীতিবাজদের সামাজিকভাবে ঘৃণা ও প্রতিরোধ করা জরুরি।”

মঙ্গলবার (৯ ডিসেম্বর) রাজধানীর শিল্পকলা অ্যাকাডেমিতে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষে আয়োজিত আলোচনায় তিনি আরও বলেন, ভবিষ্যতের জন্য দুর্নীতি রোধে কঠোর নজরদারি ও কার্যকর ব্যবস্থার ওপর গুরুত্ব দিতে হবে। একই সঙ্গে অতীতে যারা দুর্নীতি করেছে তাদের জবাবদিহির আওতায় আনতে হবে।

অনুষ্ঠানে দুদক চেয়ারম্যান ড. মোহাম্মদ আব্দুল মোমেন বলেন, “ক্ষমতাত্যুতদের বিদেশে পালিয়ে যেতে যারা টাকা নিয়ে সহযোগিতা করেছে, তাদেরকে ভোটাররা প্রত্যাখ্যান করুন।” তিনি আরও জানান, পাচার হওয়া অর্থ ফিরিয়ে আনতে বিভিন্ন দেশের হাইকমিশনে দুদক কর্মকর্তাদের নিয়োগ দেওয়ার জন্য সরকারকে অনুরোধ জানানো হয়েছে।

দুদক চেয়ারম্যানের মতে, ভোটাররা যদি দুর্নীতিবাজ, চাঁদাবাজ ও অসৎ ব্যক্তিদের প্রত্যাখ্যান করেন, তাহলে দেশের দুর্নীতি অনেকটাই কমে আসবে।